মেহেরপুর পৌরসভার ৩ নম্বর ওয়ার্ড বিএনপি’র কমিটি ঘোষণা

মেহেরপুর জেলা বিএনপি’র আওতাধীন পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডে কমিটি ঘোষণা করা হয়েছে। আজ সন্ধ্যা ৮টায় জেলা বিএনপি’র কার্যালয়ে অনুষ্ঠিত কর্মী সম্মেলনে এই আংশিক কমিটি ঘোষণা করেন ওয়ার্ডের দায়িত্বপ্রাপ্ত নেতা এবং জেলা বিএনপি’র সদস্য আনছার-উল-হক।

জেলা নেতৃবৃন্দের মতামতের ভিত্তিতে গঠিত এ কমিটিতে সভাপতি নির্বাচিত হয়েছেন সাবেক ছাত্রনেতা সিরাজুল ইসলাম এবং সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন আসাদুজ্জামান জনি। এছাড়া তিন জন সহ-সভাপতি মনোনীত হন— আব্দুর রফিক, আব্দুল হামিদ এবং আজিজুল হক।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন:- সিনিয়র যুগ্ম সম্পাদক: কামরুজ্জামান কামরু, যুগ্ম সম্পাদক: হারুন-অর-রশীদ, সাংগঠনিক সম্পাদক: আসলাম আলী, সদস্য: জাহাঙ্গীর বিশ্বাস, আলমগীর হোসেন, নাজিম উদ্দিন। দপ্তরের দায়িত্বপ্রাপ্ত নেতা কাজী মিজান মেনন জানান, “খুব অল্প সময়ের মধ্যেই পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হবে।”

উক্ত সম্মেলনে উপস্থিত নেতৃবৃন্দ নবগঠিত কমিটির প্রতি ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান এবং ওয়ার্ড পর্যায়ে সংগঠনকে শক্তিশালী করতে সকলকে সক্রিয় ভূমিকা রাখার অনুরোধ করেন।

সীমান্তের জমিতে কৃষকদের না যাবার জন্য মাইকিং

মেহেরপুর জেলার সীমান্তে কৃষকদের জমিতে ফসল তোলার ক্ষেত্রে ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনী (বিএসএফ) বাধা প্রদান করছে। ওপারে নিজ ভূখন্ডে বিএসএফের প্রহরা ও টহল জোরদার করেছে।

ভারত ভুখন্ডে কাঁটাতারের বেড়ার এপারে ১৫০ গজের মধ্যে থাকা ভারতীয় কৃষকদের জমি বর্গা নিয়ে চাষাবাদ বন্ধ, ভারতীয় কৃষকদের জমির আইল

কাটাতেও নিষেধাজ্ঞা দিয়ে বিএসএফ মাইকিং করছে।

বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনীও (বিজিবি) সীমান্তে না যাবার জন্য নিজ দেশের কৃষকদের আহবান জানিয়েছেন মসজিদের সাউন্ড সিস্টেমে। যা উভয় দেশের সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে সমন্বয়হীনতার কারণে কৃষকদের জন্য উদ্বেগের সৃষ্টি হয়েছে।

মেহেরপুর সীমান্তে কাঁটাতারের এপারে ১৫০ গজের মধ্যে ভারতীয় জমিতে বাংলাদেশী কৃষকরা বর্গা নিয়ে চাষাবাদ করে আসছে বহুবছর ধরে। কাঁটাতারের বেড়া দুই বাংলার মানুষের অবাধ বিচরণ বন্ধ করতে পারলেও ভাঙ্গেনি তাদের ভ্রাতৃত্বের বন্ধন।

ভারতীয়রা তাদের অনাবাদি জমি বাংলাদেশি কৃষকদের লিজ দিয়ে চাষাবাদ করতে সহায়তা করে আসছেন। গত মঙ্গলবার ভারত-পাকিস্তানের মধ্যে বোমা হামলার পর ভারতীয় সীমান্ত বাহিনীর নতুন নিরাপত্তা ব্যবস্থা চালু হয়েছে। যার অংশ হিসেবে সীমান্তের কাটাতারের বেড়ার এপারে ১৫০ গজের মধ্যে ভারতীয় কৃষকদের ছাড়া অন্য কাউকে প্রবেশ করতে দেয়া হচ্ছে না। এই পদক্ষেপের ফলে বাংলাদেশের কৃষকদের জমিতে প্রবেশে সীমাবদ্ধতা সৃষ্টি হচ্ছে। যা তাদের দৈনন্দিন কাজকর্মে প্রভাব ফেলছে।

গতকাল সরেজমিনে বেলা ১০টার দিকে মেহেরপুর সদর উপজেলার ঝাঁঝা সীমান্তে গিয়ে দেখা যায় সীমান্ত এলাকায় চাষাবাদের কৃষকদের চোখে মুখে আতংকের ছাপ।

ঝাঁঝাঁ ক্যাম্প এলাকার সামাদ আলী জানান, ওপারে বিএসএস ক্যাম্প থেকে মাইকিং করা হয়েছে সীমান্তের এপারে ভারতের ১৫০ মিটারের জমিতে বাংলাদেশের কোন কৃষককে না যাওয়ার জন্য। ফলে কেউ জমিতে চাষাবাদে যেতে সাহস পাচ্ছে না। একই গ্রামের দাউদ হোসেন জানান- সীমান্তে নোম্যান্স ল্যান্ডে ভারত অংশের কাাঁটাতারের বেড়ার এপারে ১৫০ মিটারের মধ্যে ভারতের কৃষকদের প্রায় দেড় হাজার বিঘা জমি এপারের কৃষকরা বর্গা নিয়ে চাষাবাদ করে। প্রতিবিঘা জমিবাবদ বার্ষিক ৮ থেকে ১০ হাজার টাকায় বর্গা নেয়া হতো। বিএসএফের নিষেধাজ্ঞার পর আবাদি জমির ফসল তুলতে অনেক বেগ পেতে হচ্ছে।

দুলাল শেখ নামের এক কৃষক বলেন, বর্গা নেয়া দেড়বিঘা জমিতে ভুট্টার চাষ করেছিলাম। লুকিয়ে লুকিয়ে ভুট্টা সংগ্রহ করেছি। ভারতীয় সীমান্ত রক্ষীর ভয়ে ওইসব জমিতে চাষাবাদের আগ্রহ হারিয়েছি।

ঝাঁঝা ক্যাম্পের কমান্ডার হারুন অর রশিদ বোন তথ্য দিতে অপরাগত প্রকাশ করলেও তিনি জানান গ্রামের মসজিদ থেকে কৃষকদের বর্গা নেয়া জমিতে না যাবার জন্য আহবান করা হচ্ছে প্রতিদিন।

মেহেরপুরের সীমান্তবর্তী ইচাখালী সীমান্তে ৫৬টি দাগে ৭৪ বিঘা ৫ কাটা জমির মালিক ২৮ জন মালিক বাংলাদেশী নাগরিকদের মধ্যে বেশীর ভাগই বুড়িপোতা ইউনিয়নের গোভিপুর গ্রামের বাসিন্দা। এই জমিগুলোর মালিকানা নিয়ে বিজিবি ও বিএসএফের মধ্যে বিভিন্ন সময়ে আলোচনা হলেও এখনও কোন স্থায়ী সমাধান হয়নি। এসব জমি দেশভাগের সময় ভারতের অংশে চলে যায়। তবে বাংলাদেশী কৃষকরা সেগুলো বর্গা নিয়ে চাষাবাদ করে আসছেন। সীমান্তরক্ষী বাহিনীর নিষেধাজ্ঞার কারণে কৃষকরা তাদের জমিতে ফসল তুলতে পারছেন না। আবার ভারতের কৃষকরাও ওই জমিতে আসতে পারছে না। কারণ বাংলাদেশের অনেক জমি অতিক্রম করে ওই ৫৬ দাগের জমিতে তাদের আসতে হবে।

মেহেরপুর জেলার তিনদিক ভারত সীমান্ত বেষ্টিত। সীমান্তের মোটদৈর্ঘ প্রায় ৮৯ কিলোমিটার। এই সীমান্তটি ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের বিভিন্ন জেলার সঙ্গে সংযুক্ত।

মেহেরপুর জেলার সীমান্তবর্তী তিনটি উপজেলা মুজিবনগর, গাংনী ও মেহেরপুর সদর। ভারতের পশ্চিমবঙ্গের নবীননগর, শিকারপুর, তাজপুর, ভাদুপাড়া, নবচন্দ্রপুর, লালবাজার, করিমপুরসহ অনেকগুলো গ্রামের সঙ্গে সংযুক্ত।

এই সীমান্তবর্তী এলাকাগুলোতে দুই দেশের বাসিন্দাদের মধ্যে আত্মীয়তার সম্পর্ক রয়েছে। মেহেরপুর জেলার সীমান্তবর্তী কাঁটাতারের বেড়ার মধ্যে ৭৪টি সীমান্ত গেট রয়েছে। যেগুলো দিয়ে প্রতিদিন অন্তত সহস্রাধিক ভারতীয় কৃষক কৃষিকাজ করতে কাঁটাতারের বেড়ার এপারে নিজ জমিতে আসেন। অজানা আতংকে তারাও এপারে তেমন আসছে না। যারা আসছে তারাও বিএসএফের প্রহরায়।
ভারতের নিকটবর্তী বিজিবির ইচাখালী সীমান্তে গিয়ে দেখা যায়-ইচাখালী বিজিবি ক্যাম্প কমান্ডার হারুন অর রশিদ দুজন সিপাহী নিয়ে সীমান্তের ভারতের নবচন্দ্রপুর বিএসএস ক্যাম্পর নিকটবর্তী বাংলাদেশ অংশে একটি বাগানে অবস্থান করছেন। তিনি নোম্যান্স ল্যান্ডে যেতে বারণ করেন।

তিনি বলেন, ওপারে ভারতের নবচন্দ্রপুর বিএসএফ ক্যাম্প সদস্যরা অস্ত্র তাক করে অবস্থান করছেন। আমরা গ্রামের মসজিদ থেকে

প্রতিদিনই মাইকিং করছি সীমান্তের কোন জমিতে না যাবার জন্য। কারণ ভারতীয় কৃষকদের জমি বর্গ নিয়ে চাষাবাদ করা আইনত দণ্ডনীয়।

এই পরিস্থিতিতে, সীমান্তবর্তী কৃষকদের জমিতে প্রবেশের স্বাধীনতা নিশ্চিত করার জন্য উভয় দেশের সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে সমন্বয় ও সহযোগিতা বাড়ানো প্রয়োজন। এবং কৃষকদের মধ্যে সচেতনতাবৃদ্ধির এবং নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে স্পষ্ট নির্দেশনা প্রদান জরুরী হয়ে দাঁড়িয়েছে।

মেহেরপুরে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী পালন

মেহেরপুর জেলার ঐতিহ্যবাহী সংগঠন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চপ্তর এর আয়োজনে শনিবার বিকেলে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী ও মাসিক সাহিত্য বাসর উপলক্ষে আলোচনা সভা ও কবিতা আবৃত্তি অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর প্রেসক্লাবের অনুষ্ঠিত আলোচনা সভা ও কবিতা আবৃত্তি অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সভাপতি এডভোকেট এম আনোয়ার হোসেন।

বক্তব্য রাখেন সংগঠনের সহ-সভাপতি নুরুল আহমেদ, রফিকুল আলম, অবসরপ্রাপ্ত শিক্ষক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সুশীল চক্রবর্তী, সংগঠনের নাট্য সম্পাদক সাইদুর রহমান, সাহিত্য সম্পাদক মিনা পারভিন, কবি সাদিকুজ্জামান সেন্টু প্রমুখ।

সংগঠনের সাধারণ সম্পাদক মেহের আমজাদের সঞ্চালনায় কবিতা আবৃত্তিতে অংশগ্রহণ করেন কবি এস এম এ মান্নান, আবুল লায়েস লাভলু, বাঁশরী মোহন দাস, শহিদুল ইসলাম কানান, ফাতেমা ফিরোজ, রফিকুল ইসলাম, আবুল হাশেম, মহিবুল ইসলাম, বদরুদ্দোজা বিশ্বাস, শফিকুজ্জামান সেন্টু, ঐশী, রাইসা প্রমুখ।

আওয়ামী লীগকে নিষিদ্ধের দাবিতে মেহেরপুর শহরে ব্লকেড কর্মসূচি

আওয়ামী লীগকে নিষিদ্ধ করার দাবিতে মেহেরপুর শহরে ব্লকেড কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকেল চারটার দিকে শুরু হওয়া এই কর্মসূচিতে এনসিপি, ইসলামী আন্দোলন, ইসলামী ছাত্রশিবির, ইসলামী ছাত্র ও যুব আন্দোলন, রেড জুলাইসহ বিভিন্ন সংগঠনের নেতা-কর্মীরা অংশ নেন। কর্মসূচিটি সন্ধ্যা ছয়টা পর্যন্ত চলেছে।

এ সময় কর্মসূচিতে অংশগ্রহণকারীরা “দিল্লি না ঢাকা, ঢাকা ঢাকা”, “আওয়ামী লীগের ঠিকানা, এই বাংলায় হবে না”, “আওয়ামী লীগ, ব্যান্ড ব্যান্ড”এমন নানা স্লোগান দেন।

বিক্ষোভ সমাবেশ কর্মসূচীতে নেতৃত্ব দেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার আহবায়ক ইমতিয়াজ আহমেদ, সদস্য সচিব মুজাহিদুল ইসলাম, যুগ্ম সচিব তামিম হোসেন এবং জাতীয় নাগরিক কমিটির সদস্য খন্দকার মুইজ ।

জাতীয় মুক্তিযোদ্ধা পরিষদ মেহেরপুর জেলা শাখার দ্বি-বার্ষিক সম্মেলন

মেহেরপুরে জাতীয় মুক্তিযোদ্ধা পরিষদ জেলা শাখার দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার (১০ মে) সকালে জেলা জামায়াত ইসলামীর কার্যালয়ে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

জাতীয় মুক্তিযোদ্ধা পরিষদ মেহেরপুর জেলা শাখার সভাপতি মোহাম্মদ চাঁদ আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাতীয় মুক্তিযুদ্ধ পরিষদের সভাপতি ইঞ্জিনিয়ার এম. মোসলেম উদ্দিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জাতীয় মুক্তিযুদ্ধ পরিষদের সেক্রেটারি জেনারেল মোহাম্মদ তাজিরুল ইসলাম জাতীয় মুক্তিযুদ্ধ পরিষদ মেহেরপুর জেলা শাখার প্রধান উপদেষ্টা মাওলানা তাজউদ্দিন খান।

এসময় তিনি বলেন, বৈষম্যহীন বাংলাদেশ এখনও গঠিত হয়নি। আমরা পরবর্তী প্রজন্মের মানুষ হওয়া সত্ত্বেও বারবার শুনতে হচ্ছে আমরা নাকি স্বাধীনতা বিরোধী, রাজাকার! মেহেরপুর জেলায় ৩৭২ জন রাজাকারের তালিকা থাকলেও বাস্তবে মাত্র দুটি পরিবারের কয়েকজন জামায়াতের সঙ্গে যুক্ত ছিলেন। বাকিরা অন্য রাজনৈতিক দল বা মতাদর্শের হলেও আমাদের ওপরই সব দোষ চাপিয়ে দেওয়া হয়েছে।

তিনি আরো বলেন, যাদের বঙ্গবন্ধু শেখ মুজিবুরের আকৃতি ধরে কোটটা বেশি চকচকে ছিল, আর যারা আমাদের বিপক্ষে যত বেশি বলতে পেরেছে, তারা তত বড় দুর্নীতিবাজ হিসেবে চিহ্নিত হয়েছে। আমাদের ছোট বাংলাদেশের রিপোর্ট এখন বলছে যে ২৮ লাখ কোটি টাকা বিদেশে পাচার করা হয়েছে। একটি ছাত্র সংগঠনের জেলা সভাপতি ৩ হাজার কোটি টাকা বিদেশে পাচার করেছে।

সাবেক রাজনৈতিক সেক্রেটারি ও জেলা জামায়াতের কোষাধক্ষ জার্জিস হোসাইনের সঞ্চালনায় এ সময় জেলা জামায়েতের সেক্রেটারি মোহাম্মদ ইকবাল হুসাইন, নায়েবে আমীর মহবুব উল আলম, সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, মুজিবনগর উপজেলা আমীর খান জাহান আলী, গাংনী উপজেলা আমীর ডা. রবিউল ইসলাম উপস্থিত ছিলেন।

দ্বিবার্ষিক সম্মেলনে মেহেরপুর মুক্তিযোদ্ধা বিষয়ক জেলা কমিটির সভাপতি হিসেবে মোঃ চাঁদ আলী নির্বাচিত হয়েছেন। সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন জার্জিস হোসাইন।

মেহেরপুরে তাপপ্রবাহে বিপর্যস্ত জনজীবন

মেহেরপুরে শুরু হয়েছে তীব্র তাপপ্রবাহ। গরমে অতিষ্ঠ হয়ে পড়েছে জনজীবন। মাঠে কাজ করতে হিমশিম খাচ্ছে শ্রমজীবী মানুষ। তবে বৃষ্টি না হওয়া পর্যন্ত রোদের তীব্রতা আরও বাড়তে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর।

গতকাল শুক্রবার (৯ মে) বিকেল ৩টায় চুয়াডাঙ্গা ও মেহেরপুরে তাপমাত্রা রেকর্ড করা হয়েছিল ৪১ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, যা চলতি মৌসুমে এখন পর্যন্ত সর্বোচ্চ। এ সময় বাতাসে আর্দ্রতা ছিল মাত্র ২৪ শতাংশ।

আজ শনিবার (১০ মে) মেহেরপুর ও চুয়াডাঙ্গায় তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৯ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস। গেলো কয়েক দিনের সর্বোচ্চ তাপমাত্রার কারণে তীব্র গরমে কার্যত অচল হয়ে পড়েছে জনজীবন।

জরুরি প্রয়োজন ছাড়া মানুষ ঘর থেকে বের হচ্ছেন না। প্রচণ্ড রোদের মধ্যে কাজে নেমে পড়া শ্রমিক, দিনমজুর, রিকশা ও ভ্যানচালকরা কষ্টে দিন কাটাচ্ছেন। বিভিন্ন সড়কে রোদের তাপে পিচ গলে যাওয়ার চিত্র দেখা গেছে।

কৃষক আবুবক্কর বলেন, “সূর্যোদয় হলেই মাঠে থাকা যাচ্ছে না। মাটি গরম হয়ে যাচ্ছে। আমরা খুব সকালে দু-এক ঘণ্টা কাজ করে বাড়ি চলে আসছি।”

শ্রমিক কফিল উদ্দিন জানান, “পেটের দায়ে মাঠে কাজ করতে হচ্ছে। এছাড়া কোনো উপায় নেই।”

কৃষক কাবের আলী বলেন, “এখন বোরো ধান কাটা-মাড়াইয়ের সময়। প্রচণ্ড রোদে মাঠে কাজ করতে আমরা হিমশিম খাচ্ছি। ১০ মিনিট কাজ করলে ৫ মিনিট ছায়ায় বসতে হচ্ছে।”

ভ্যানচালক হাবিল উদ্দিন বলেন, “খাবারের তাগিদে রাস্তায় বের হচ্ছি। রাস্তায় লোকজন কম, তাই ভাড়া হচ্ছে না।”

ভ্যানচালক আইয়ুব আলী বলেন, “ছাতা গরম হয়ে যাচ্ছে। মাঝেমধ্যে পানি দিয়ে ভিজিয়ে নিচ্ছি। পিচের রাস্তার দিকে তাকানো যাচ্ছে না। তবে

লোকজন রাস্তায় না থাকায় রোজগার কম।”

শুক্রবার দুপুর ১২টায় তাপমাত্রা ছিল ৪১ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। এমন আবহাওয়া আরও ৩-৪ দিন থাকতে পারে বলে জানিয়েছেন চুয়াডাঙ্গা আবহাওয়া অধিদপ্তরের ভারপ্রাপ্ত কর্মকর্তা জামিনুর রহমান।

মেহেরপুরে গাঁজা গাছসহ ২ জনকে আটক করেছে সেনাবাহিনী

মেহেরপুরের মুজিবনগরে দুই ব্যক্তিকে আটক করেছে বাংলাদেশ সেনাবাহিনীর মেহেরপুর ক্যাম্পের সদস্যরা। শুক্রবার (৯ মে) রাত ১১ টার দিকে দারিয়াপুর গ্রামে একটি গবাদি পশুর খামারে অভিযান চালিয়ে বিভিন্ন সাইজের ৫ টি গাঁজাগাছ ও ২০ গ্রাম গাঁজাসহ তাদেরকে আটক করা হয়।

আটকরা হলো উপজেলার দারিয়াপুর গ্রামের দক্ষিণপাড়ার গোলাম হোসেনের ছেলে সাদ্দাম হোসেন (৩৩) এবং একই গ্রামের পশ্চিম পাড়ার হযরত আলীর ছেলে দেলোয়ার হোসেন (৩৩)।

সেনা ক্যাম্প সূত্রে জানা গেছে, শনিবার (১০ মে) সকাল ১০ টার দিকে মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামে একটি গবাদিপশুর খামারে গাঁজা গাছের চাষ হচ্ছে এমন গোয়েন্দা তথ্যের ভিত্তিতে মেহেরপুর সেনা ক্যাম্পের লেফটেন্যান্ট মিনহাজের নেতৃত্বে একটি টিম শুক্রবার দিবাগত রাত ১১ টার সেখানে অভিযান পরিচালনা করেন।

অভিযানে খামারের মালিক সাদ্দাম হোসেন ও তার কর্মচারী দেলোয়ার হোসেনকে আটক করা হয়। তাদের দেয়া তথ্য মতে, বিভিন্ন সাইজের ৫টি গাঁজা গাছ, ২০ গ্রাম গাঁজা,গাঁজা সেবন প্রস্তুতের সরঞ্জাম (কাঁচি ও কাঠি), নগদ ৫ হাজার টাকা এবং পাসপোর্ট উদ্ধার করা হয়।

সাদ্দাম হোসেন গবাদি পশুর খামার পরিচালনা এবং কৃষি জমিতে চাষাবাদের পাশাপাশি দীর্ঘদিন ধরে গাঁজা চাষ করে আসছে বলে জানায় সেনা বাহিনী।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনারোধে সচেতনতামূলক কর্মসূচি বসুন্ধরা শুভসংঘের

দুর্ঘটনা শুধু একজন ব্যক্তির জীবনকেই থামিয়ে দেয় না, থেমে যায় একটি পরিবারের হাসি, স্বপ্ন আর ভবিষ্যতের রঙিন পরিকল্পনা। এই করুণ বাস্তবতা বদলাতে হলে চাই সম্মিলিত সচেতনতা আর সেই বার্তাই পৌঁছে দিতে সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করেছে বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর শাখার সদস্যরা।
আজ শুক্রবার (৯ মে) সকাল সাড়ে ১০টার দিকে শহরের কলেজ মোড়ে একটু সচেতনতাই পারে আপনার সাজানো জীবনকে বাঁচাতে ও নিরাপদ রাখতে এই বার্তা নিয়ে সচেতনতামূলক প্রচারণা চালাই শুভসংঘ।
কলেজ শিক্ষক ও বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি এস এম রফিকুল আলম বকুলের সভাপতিত্বে ও বসুন্ধরা শুভসংঘ জেলা শাখার সাধারণ সম্পাদক তরুণ সংগঠক মো. নাফিউল ইসলামের সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বসুন্ধরা শুভ সংঘের উপদেষ্টা ও কালের কণ্ঠের মেহেরপুর প্রতিনিধি ইয়াদুল মোমিন।
অতিথির বক্তব্যে তিনি বলেন, আমরা কেউই চাই না সড়কে কারও মৃত্যু হোক, কোনও প্রাণ অকালে ঝরে যাক। আমি মনে করি, যদি আমাদের গন্তব্যে পৌঁছাতে পাঁচ মিনিট দেরিও হয়, তবুও ট্রাফিক আইন মেনে ধীরে ও সচেতনভাবে চলাই আমাদের জন্য কল্যাণকর। এটি আমাদের নিজের, আমাদের পরিবারের এবং সমগ্র সমাজের জন্যই মঙ্গলজনক।
এ ধরনের সচেতনতামূলক উদ্যোগ গ্রহণের জন্য আমি বসুন্ধরা শুভসংঘকে আন্তরিক ধন্যবাদ জানাই। আশা করি, তারা ভবিষ্যতেও এ ধরনের মানবিক ও সমাজগঠনের কাজ নিয়মিতভাবে চালিয়ে যাবে।
অনুষ্ঠানে এছাড়াও সাংগঠনিক সম্পাদক মো. অনিক হাসান, দপ্তর সম্পাদক মো. নিজাম উদ্দিন, প্রচার ও প্রকাশনা সম্পাদক মো. নাসিম হাসান, ক্রীড়া সম্পাদক আলকামা সিদ্দিকী তারিফ, স্বাস্থ্য ও মানব সম্পদ সম্পাদক আবদুল্লাহ আল নোমান প্রমুখ উপস্থিত ছিলেন।

গাংনীতে পুকুরে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার শিমুলতলা গ্রামে বাড়ির পাশের পুকুরে ডুবে হুজাইফা (৬) নামের এক শিশু মারা গেছে।
হুজাইফা শিমুলতলা গ্রামের কৃষক তুহিন আলীর ছেলে।
আজ শুক্রবার ০৯ মে) দুপরের দিকে বাড়ির পাশে নিজ পুকুর থেকে হুজাইফার মরদেহ উদ্ধার করা হয়।
স্থানীয়রা জানান, শিশুটি বাড়ি থেকে বে হয়ে পুকুরের পাশে পাখি ধরতে যায়। এসময় অসাবধানতাবসত পা পিছলে গভীর পানিতে তলিয়ে যায়। পরে তার মরদেহ পুকুরে ভাসতে দেখে পরিবারের লোকজন উদ্ধার করেন। গাংনী থানার ওসি বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, কোনো অভিযোগ না থাকায় মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।
এদিকে, একমাত্র সন্তান হারিয়ে পিতা তুহিন আলী ও মা লাবণী খাতুন পাগল প্রায়।

মুজিবনগরে আওয়ামী লীগ নেতা ইউপি সদস্য বাবুল মল্লিক আটক

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদের মেম্বার বল্লভপুর গ্রামের অশোক মাষ্টারে ছেলে আওয়ামী লীগ নেতা বাবুল মল্লিককে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।
শুক্রবার সকাল সাগে ১০ টার দিকে বল্লভপুর খ্রিষ্টান কবরস্হান মোড়ে প্রদিপের চায়ের দোকান থেকে তাকে আটক করে মুজিবনগর থানা পুলিশ।
মুজিবনগর থানা অফিসার ইনচার্য (ওসি) মিজানুর রহমান আটকের সত্যতা স্বীকার করে জানান, তাকে আটক করে মামলা দিয়ে মেহেরপুর কোর্টে প্রেরণ করা হয়েছে।